

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর
দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়
জরুরি সাড়াদান কেন্দ্র (ইওসি)
www.ddm.gov.bd
৯২-৯৩ মহাখালী বা/এ, ঢাকা-১২১২

স্মারক নম্বর: ৫১.০১.০০০০.০২৭.১৫.০০১.১৮.৯৪

তারিখ: ১৮ চৈত্র ১৪২৭

০১ এপ্রিল ২০২১

বিষয়: দুর্যোগ সংক্রান্ত দৈনিক প্রতিবেদন।

সমুদ্র বন্দরসমূহের জন্য সতর্ক সংকেতঃ সমুদ্র বন্দরসমূহের জন্য কোন সতর্কবার্তা নেই।

আজ ০১ এপ্রিল ২০২১ খ্রিঃ তারিখ (ভোর ০৫:০০ টা থেকে) দুপুর ০১ টা পর্যন্ত দেশের অভ্যন্তরীণ নদীবন্দর সমূহের জন্য আবহাওয়ার পূর্বাভাস:

সিলেট, কুমিল্লা এবং চট্টগ্রাম অঞ্চলসমূহের উপর দিয়ে দক্ষিণ-পশ্চিম/দক্ষিণ দিক দিয়ে ঘন্টায় ৪৫-৬০ কি.মি বেগে দমকা/ঝড়ো হাওয়া বয়ে যেতে পারে সেই সাথে বৃষ্টি/বজ্রবৃষ্টি হতে পারে। এসব এলাকার নদীবন্দর সমূহকে ১ নম্বর (পুনঃ) ১ নম্বর সতর্ক সংকেত দেখাতে বলা হয়েছে।

০১ এপ্রিল ২০২১ খ্রিঃ তারিখ সকাল ০৯ টা থেকে পরবর্তী ২৪ ঘন্টার আবহাওয়ার পূর্বাভাসঃ

সিনপটিক অবস্থাঃ পশ্চিমা লঘুচাপ পশ্চিমবঙ্গ ও তৎসংলগ্ন এলাকায় অবস্থান করছে। এর একটি বর্ধিতাংশ উত্তর বঙ্গোপসাগর পর্যন্ত বিস্তৃত।

পূর্বাভাসঃ কিশোরগঞ্জ জেলা এবং সিলেট, ময়মনসিংহ ও চট্টগ্রাম বিভাগের দু'এক জায়গায় অস্থায়ীভাবে দমকা/ঝড়ো হাওয়াসহ বৃষ্টি/বজ্রসহ বৃষ্টি হতে পারে। সেই সাথে কোথাও কোথাও বিক্ষিপ্তভাবে শিলা বৃষ্টি হতে পারে। এছাড়া দেশের অন্যত্র অস্থায়ীভাবে আংশিক মেঘলা আকাশসহ আবহাওয়া প্রধানত শুল্ক থাকতে পারে।

তাপপ্রবাহঃ গোপালগঞ্জ, ফরিদপুর ও পাবনা অঞ্চলসহ খুলনা বিভাগের উপর দিয়ে মৃদু তাপ প্রবাহ বয়ে যাচ্ছে এবং তা অব্যাহত থাকতে পারে ও বিস্তার লাভ করতে পারে।

তাপমাত্রাঃ সারাদেশে দিনের তাপমাত্রা সামান্য বৃদ্ধি পেতে পারে এবং রাতের তাপমাত্রা প্রায় অপরিবর্তিত থাকতে পারে।

পরবর্তী ৭২ ঘন্টার আবহাওয়ার অবস্থা (৩ দিন): তাপমাত্রা আরও বৃদ্ধি পেতে পারে।

গতকালের সর্বোচ্চ ও আজকের সর্বনিম্ন তাপমাত্রা (ডিগ্রী সেলসিয়াস):

বিভাগের নাম	ঢাকা	ময়মনসিংহ	চট্টগ্রাম	সিলেট	রাজশাহী	রংপুর	খুলনা	বরিশাল
সর্বোচ্চ তাপমাত্রা	৩৬.৪	৩১.০	৩৩.৫	৩৪.০	৩৬.২	২৮.৮	৩৮.৮	৩৪.০
সর্বনিম্ন তাপমাত্রা	২৩.০	২২.৫	২৩.০	২২.০	১৯.৫	১৮.৮	২৪.৬	২৫.০

গতকাল সর্বোচ্চ তাপমাত্রা ছিল যশোর ৩৮.৮° সেঃ এবং আজকের সর্বনিম্ন তাপমাত্রা সৈয়দপুর, তেঁতুলিয়া ও ডিমলা ১৮.৮° সেঃ।

(সূত্রঃ বাংলাদেশ আবহাওয়া অধিদপ্তর, ঢাকা।)

অগ্নিকান্ডের তথ্যঃ

ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্সের নিয়ন্ত্রণ কক্ষের তথ্য (মোবাইল এসএমএস) থেকে জানা যায়, ৩০ মার্চ, ২০২১ খ্রিঃ তারিখ রাত ১২.০০টা থেকে ৩১ মার্চ, ২০২১ খ্রিঃ তারিখ রাত ১২.০০টা পর্যন্ত সারাদেশে মোট ২৪ টি অগ্নিকান্ডের ঘটনা ঘটেছে। বিভাগভিত্তিক অগ্নিকান্ডের নিহত ও আহতের সংখ্যা নিম্নে দেওয়া হলঃ

ক্রঃ নং	বিভাগের নাম	অগ্নিকান্ডের সংখ্যা	আহতের সংখ্যা	নিহতের সংখ্যা
১।	ঢাকা	৬	০	০
২।	ময়মনসিংহ	২	২	০
৩।	বরিশাল	০	০	০
৪।	সিলেট	১	০	০
৫।	রাজশাহী	৪	০	০
৬।	রংপুর	৫	০	০
৭।	চট্টগ্রাম	৩	০	০
৮।	খুলনা	৩	০	০
	মোট	২৪	২	০

উল্লেখযোগ্য অগ্নিকান্ড (জেলাভিত্তিক তথ্য)

১। ময়মনসিংহঃ ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্সের নিয়ন্ত্রণ কক্ষের ডিউটি অফিসার টেলিফানে জানান যে, গতকাল (৩১/০৩/২০২১ খ্রিঃ তারিখ) সন্ধ্যা ০৬.৩৩ ঘটিকায় সন্মুখ ময়মনসিংহ সদর এলাকায় পল্লী বিদ্যুতায়ন বোর্ডের আঞ্চলিক এম কমপ্লেক্স চরপুনিয়া নামক স্থানে ময়লার ছাই থেকে অগ্নিকান্ডের ঘটনা ঘটে। খবর পেয়ে ফায়ার সার্ভিসের অগ্নিনির্বাপনের ২ টি ইউনিট ঘটনাস্থলে পৌঁছে রাত ০৮.২০ ঘটিকায় আগুন নিয়ন্ত্রণে আনে। এ অগ্নিকান্ডের ঘটনায় দুইটি শিশু দৌড়ানোর সময় আহত হয়।

দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয় কর্তৃক বিভিন্ন কর্মসূচির আওতায় বরাদ্দের বিবরণঃ

ভিজিএফ (আর্থিক) সহায়তাঃ

দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয় কর্তৃক ৩১/০৩/২০২১খ্রিঃ তারিখে ২০২০-২০২১ অর্থ বছরে পবিত্র ঈদ-উল-ফিতর, ২০২১ উপলক্ষ্যে ভিজিএফ কর্মসূচির আওতায় সারা দেশে ৬৪টি জেলার ৪৯২টি উপজেলার জন্য ৮৭,৭৯,২০৩ টি এবং ক, খ ও গ ক্যাটাগরীর ৩২৮টি পৌরসভার জন্য ১২,৩০,৭৪৬টি সর্বমোট ১,০০,০৯,৯৪৯টি ভিজিএফ কার্ডের বিপরীতে অতিদরিদ্র ও অসহায় দুঃস্থ পরিবারের জন্য পরিবার প্রতি ১০ (দশ) কেজি চালের সমমূল্য কার্ড প্রতি ৪৫০/- (চারশত পঞ্চাশ) টাকা হারে আর্থিক সহায়তার লক্ষ্যে ৪৯২টি উপজেলার জন্য ৩৯৫,০৬,৪১,৩৫০/- টাকা এবং ৩২৮টি পৌরসভার জন্য ৫৫,৩৮,৩৫,৭০০/- টাকাসহ সর্বমোট ৪৫০,৪৪,৭৭,০৫০/- টাকার আর্থিক মঞ্জুরী প্রদান করা হয়েছে।



১-৪-২০২১

কামরুন নাহার
ভারপ্রাপ্ত কর্মকর্তা

ফোন: ৮৮০-৫৮৮১১৬৫১

ফ্যাক্স: ৮৮০-২-৯৮৯১১২৬

ইমেইল:

controlroom.ddm@gmail.com

ভারপ্রাপ্ত কর্মকর্তা-১

এনডিআরসিসি অনুবিভাগ

দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়

স্মারক নম্বর: ৫১.০১.০০০০.০২৭.১৫.০০১.১৮.৯৪/১(১৭০)

তারিখ: ১৮ চৈত্র ১৪২৭
০১ এপ্রিল ২০২১

সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হল: (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)

- ১) মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ
- ২) প্রধানমন্ত্রীর মুখ্য সচিব, প্রধানমন্ত্রীর কার্যালয়
- ৩) সচিব, প্রধানমন্ত্রীর কার্যালয়
- ৪) সচিব, দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়
- ৫) সচিব, স্বাস্থ্য সেবা বিভাগ
- ৬) পরিচালক (সকল), দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর
- ৭) মহাপরিচালক, দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর
- ৮) বিভাগীয় কমিশনার (সকল)
- ৯) জেলা প্রশাসক (সকল)
- ১০) প্রতিমন্ত্রীর একান্ত সচিব, মাননীয় প্রতিমন্ত্রী মহোদয়ের দপ্তর, দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়
- ১১) উপ-পরিচালক (সকল), দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর
- ১২) জেলা ত্রাণ ও পুনর্বাসন কর্মকর্তা (সকল)



১-৪-২০২১

কামরুন নাহার
ভারপ্রাপ্ত কর্মকর্তা